গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
(মেট্রোরেলের স্বত্বাধিকারী প্রতিষ্ঠান)
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল- ১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.০০২.১১.০০২.১৮(অংশ-১)-৪২৮

তারিখ: ১৮ কার্তিক ১৪২৬ বাংলা
০৩ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি-০৭

শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর নিম্নলিখিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত কোম্পানির আকর্ষণীয় বেতন স্কেলে যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রম | পদের নাম ও বেতন গ্রেড | পদ সংখ্যা | সর্বোচ্চ বয়স | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১ | সিস্টেম এনালিস্ট<br>কোম্পানি বেতন গ্রেড-৫ | ১ | ৪০ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি | কোনো সরকারি/ আধা-সরকারী/ অধিদপ্তর/ কর্তৃপক্ষ/ সংস্থা/ কোম্পানি/ প্রকল্পে সহকারী সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার হিসাবে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা |
| ২ | প্রোগ্রামার<br>কোম্পানি বেতন গ্রেড-৬ | ১ | ৩৫ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি | কোনো সরকারি/ আধা-সরকারী/ অধিদপ্তর/ কর্তৃপক্ষ/ সংস্থা/ কোম্পানি/ প্রকল্পে সহকারী প্রোগ্রামার হিসাবে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা |
| ৩ | সহকারী প্রোগ্রামার<br>কোম্পানি বেতন গ্রেড-৯ | ১ | ৩০ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি | সহকারী প্রোগ্রামার হিসেবে অন্যূন ০১(এক) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে |
| ৪ | ডাটা এন্ট্রি অপারেটর<br>কোম্পানি বেতন গ্রেড-১৬ | ২ | ৩০ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি | সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে কমপক্ষে ৬ মাসের মৌলিক প্রশিক্ষণ এবং কম্পিউটার অপারেটর হিসেবে কমপক্ষে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা |
| | মোট | ৫ | | | |

শর্তসমূহঃ

১. সকল প্রার্থীকে সরকার নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরমের নমুনা সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের website: www.rthd.gov.bd এবং Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর website: www.dmtcl.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

২. আবেদনপত্রের সাথে আবেদনকারীকে অবশ্যই নিম্নলিখিত কাগজপত্রাদি **প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নাম ও সীলযুক্ত) কর্তৃক সত্যায়িত** করে সংযুক্ত করতে হবেঃ
   (ক) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি;
   (খ) জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি;
   (গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়ালিপি;
   (ঘ) স্নাতক পরীক্ষার মার্কসীটের ছায়ালিপি; এবং
   (ঙ) সকল প্রশিক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে) ও অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সনদপত্রের ছায়ালিপি।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৩. আবেদনপত্রের সাথে আবেদনকারীকে অবশ্যই নিম্নলিখিত কাগজপত্রাদির **মূল কপি** সংযুক্ত করতে হবেঃ

(ক) চারিত্রিক সনদপত্র; এবং

(খ) প্রার্থীর নিজ এলাকার স্থানীয় পরিষদ প্রধান (যেমনঃ সিটি কর্পোরেশন মেয়র বা কাউন্সিলর, পৌরসভার মেয়র বা কমিশনার অথবা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান) কর্তৃক প্রদত্ত স্থায়ী ঠিকানার সনদপত্র।

৪. শিক্ষাক্ষেত্রে কোন পর্যায়ে ৩য় শ্রেণী/বিভাগ এবং সমমানের জিপিএ ফলাফল প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই।

৫. পরীক্ষার ফি বাবদ '**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**'-এর অনুকূলে ক্রম-১ থেকে ক্রম-৩ পর্যন্ত প্রার্থীদের ১,০০০/- (এক হাজার) টাকার এবং ক্রম-৪ এর প্রার্থীদের ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে করে মূল কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৬. মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী নিয়োগ বিজ্ঞপ্তির তারিখ পর্যন্ত প্রার্থীর বয়স গণনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেফিট গ্রহণযোগ্য নয়।

৭. খামের উপর বাম দিকে পদের নাম ও নিয়োগ বিজ্ঞপ্তি-৭ উল্লেখ করতে হবে ।

৮. সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত/ কোম্পানি/প্রকল্পে কর্মরত আগ্রহী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৯. আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত বিবেচিত প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ডাকা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের শুধুমাত্র মৌখিক পরীক্ষায় ডাকা হবে।

১০. কোন পর্যায়ের পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে কোম্পানির নির্ধারিত চিকিৎসক/চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক স্বাস্থ্যপরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

১২. লিখিত পরীক্ষার সময় প্রয়োজনীয় প্রস্তুতিসহ কলম/পেন্সিল/অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম আনতে হবে। প্রবেশ পত্রে প্রদত্ত নির্দেশনা এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১৩. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদ, স্নাতক পরীক্ষার মার্কসীট, অভিজ্ঞতা ও প্রশিক্ষণের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৪. আবেদনপত্র যাচাই-বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কোম্পানি কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে এবং কোম্পানি কর্তৃপক্ষ ইচ্ছা করলে পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবে।

১৫. সহকারী প্রোগ্রামার পদে সকল ধাপে উত্তীর্ণ কিন্তু কোম্পানিতে নিয়োগের জন্য সুপারিশকৃত নয় এমন ০১(এক) জন প্রার্থীকে কর্তৃপক্ষ কোম্পানির একই বেতন গ্রেডে জুলাই ২০১৮ হতে জুন ২০২২ মেয়াদে বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) [ই/এস]-এর সহকারী প্রকল্প ব্যবস্থাপক (আইসিটি) পদে নিয়োগের জন্য সুপারিশ করতে পারবে।

১৬. যে কোনো বা সকল দরখাস্ত বা নিয়োগ কার্যক্রম বাতিল করার ক্ষমতা কোম্পানি কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৭. কোম্পানি কর্তৃপক্ষ, সরকারী বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমন কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে। কোম্পানি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক সংশোধন বা সম্পূর্ণ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৮. চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে কোম্পানিতে যোগদানের সময় ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা ও মুচলেকা সম্পাদন করতে হবে।

১৯. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২০. যে কোন ধরণের তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

২১. (ক) আবেদনপত্র আগামী **০২ ডিসেম্বর ২০১৯** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে কেবলমাত্র ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে '**ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, ৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০**'-এর বরাবরে পৌঁছাতে হবে ।

(খ) হাতে হাতে কোনো দরখাস্ত দাখিল করা যাবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(গ) প্রার্থীকে নিজ বর্তমান ঠিকানা স্পষ্টভাবে ৯" × ৪" আকারের খামের উপরে লিখে বা টাইপ করে উহাতে ১০ টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেট লাগিয়ে আবেদনপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে ।

২২. উপরের **ক্রমিক-১ থেকে ক্রমিক-২১ তে বর্ণিত** শর্তসমূহ পূরণকারী Non-Resident Bangladeshi (NRB) গণও আবেদন করতে পারবেন। এ ক্ষেত্রে আবেদনের সাথে প্রার্থীকে Non-Resident Bangladeshi (NRB) হিসেবে প্রমাণপত্রের ছায়ালিপি সংশ্লিষ্ট বাংলাদেশ মিশন হতে সত্যায়িত করে আবেদনের সাথে আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।

২৩. প্রথমে ০২ (দুই) বৎসরের প্রবেশনে (শিক্ষানবিশকাল) নিয়োগ প্রদান করা হবে। শিক্ষানবিশকালে কর্মসক্ষমতা ও দক্ষতা সন্তোষজনক না হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে চাকুরি হতে অব্যাহতি দেয়া হবে। প্রবেশনকাল সফলতার সাথে সম্পন্ন করলে চাকুরী নিশ্চিত করে পরবর্তী ০৫ (পাঁচ) বৎসরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে। ব্যক্তিগত কর্মসক্ষমতা ও দক্ষতা মূল্যায়নের ভিত্তিতে পরবর্তিতে নিয়মিত চাকুরি চুক্তি নবায়ন করা হবে।

০৩.১১.২০১৯

(মোহাম্মদ হারুন-অর-রশীদ)
কোম্পানি সচিব
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড